গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
(ডিপিডিসি)
এইচআর শাখা

মুজিব বর্ষকে সামনে রেখে ডিপিডিসি কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | বিকাশ দেওয়ান<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ০৭.০১.২০২১খ্রি. |
| সভার সময় | দুপুর ১২.০০ টায় |
| স্থান | ভার্চুয়াল প্লাটফর্ম (Zoom) |
| উপস্থিতি | ০১। জনাব গোলাম মোস্তফা, এক্সিকিউটিভ ডিরেক্টর (ফাইন্যান্স) ও এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিন এন্ড এইচ.আর), অতিরিক্ত দায়িত্ব, ডিপিডিসি। ০২। জনাব মো: গিয়াস উদ্দিন জোয়ার্দার এক্সিকিউটিভ ডিরেক্টর (ইঞ্জিনিয়ারিং), ডিপিডিসি। ০৩। জনাব মোঃ রবিউল হাসান, জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং), ডিপিডিসি। ০৪। জনাব মোহাম্মদ হাসনাত চৌধুরী, জেনারেল ম্যানেজার (এইচ.আর), ডিপিডিসি। ০৫। জনাব আব্দুর রউফ খান, প্রধান প্রকৌশলী (ডেভেলপমেন্ট), ডিপিডিসি। ০৬। জনাব মো: আসাদুজ্জামান, কোম্পানি সচিব, ডিপিডিসি। ০৭। জনাব এটিএম ফজলুল করিম, প্রধান প্রকৌশলী (গ্রীড), ডিপিডিসি। ০৮। জনাব এ. এফ. এম. মবিন, প্রধান প্রকৌশলী (সেন্ট্রাল), ডিপিডিসি। ০৯। জনাব এ এইচ এম মহিউদ্দিন, প্রধান প্রকৌশলী, প্ল্যানিং এন্ড ডিজাইন ১০। জনাব মো: মাহবুবুর রহমান, প্রধান প্রকৌশলী, প্রকিউরমেন্ট এন্ড স্টোর, [অতিরিক্ত দায়িত্ব] ডিপিডিসি। ১১। মিজ কামরুন নাহার, ডিজিএম (এইচ.আর), এমপ্লয়ি রিলেশন্স এন্ড ডিসিপ্লিন, ডিপিডিসি। ১২। জনাব ডাঃ শেখ মঈনুল হোসেন, চিফ মেডিক্যাল অফিসার, ডিপিডিসি ও আরো অন্যান্য কর্মকর্তা। |

**আলোচ্যসূচি :**

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মুজিব বর্ষে গৃহীত কর্মপরিকল্পনাসমূহের অগ্রগতি নিয়ে দফা ওয়ারি উপস্থাপনের দিক নির্দেশনা প্রদান করেন। নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নম্বর | পরিকল্পনা/গৃহীত কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত এবং বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/দপ্তর |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ০১ | ভ্যান এর মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম পরিচালনা | সভার শুরুতেই গ্রাহক দৌরগোড়ায় সেবা পৌছে দেওয়ার লক্ষ্যে এবং গ্রাহক বান্ধব পরিবেশ সৃষ্টির উদ্দেশ্যে ভ্যানের মাধ্যমে বিদ্যুৎ বিক্রয় সংশ্লিষ্ট সেবাসহ আনুসঙ্গিক সেবা কার্যক্রম গ্রাহক এলাকায় চলমান ভ্যানসহ উপস্থিত হয়ে পরিচালনা করার বিষয় আলোচনা হয়। এক্ষেত্রে সংশ্লিষ্ট কার্যক্রমের মুল উদ্দেশ্য হবে, গ্রাহকগণের দৌড়গোড়ায় সেবা পৌছে দেয়া, জনগণের মধ্যে সচেতনতা তৈরি করা এবং ডিপিডিসি কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপ, অর্জন এবং সেবা কার্যক্রম সম্পর্কে গ্রাহকগণকে অবহিত করা। সভায় বলা হয় ভ্যানের মাধ্যমে সেবা প্রদানের ক্ষেত্রে ডিপিডিসি কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবা যেমন: নতুন সংযোগ এর ক্ষেত্রে পরিপূর্ণ আবেদন দাখিল পদ্ধতি সম্পর্কে অবহিতকরণসহ নতুন সংযোগ প্রদান, দাখিলকৃত আবেদনের পরিস্থিতি বিষয়ে অবহিতকরণ, প্রিপেইড মিটার এর কার্যক্রম অবহিতকরণ এবং বিদ্যুৎ এর জন্য সংশ্লিষ্ট ব্যয় চার্জ ইত্যাদি অবহিতকরণ, বিদ্যুৎ সংক্রান্ত বিভিন্ন সমস্যা সমাধান, বিদ্যুৎ সাশ্রয়, বৈদ্যুতিক দূর্ঘটনা রোধে করণীয় ইত্যাদি বিভিন্ন সেবা/পরামর্শ সংশ্লিষ্ট ভ্যান কার্যক্রমের মাধ্যমে প্রদান করা হবে। সভায় আরো বলা হয়, ভ্যানের মাধ্যমে সেবা প্রদান কার্যক্রমের প্রচার প্রচারণার জন্য প্রত্যেক জোন তাদের জন্য নির্ধারিত ভ্যানের মাধ্যমে প্রচারণা কার্যক্রম পরিচালনা করবে এবং নির্দিষ্ট স্থানে ও সময়ে গ্রাহকগণকে সেবা প্রদানের জন্য পুর্বেই ভ্যান-মাইকে ঘোষনা অবহিত করবে। এছাড়াও ভ্যানে গ্রাহকগণকে তাৎক্ষনিক সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা-সরঞ্জাম থাকবে বলে সভায় আলোচনা হয়। | ০১। আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে চিফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) অধীনস্থ সার্কেল/দপ্তরসমূহ নিয়ে ভ্যান এর মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম পরিচালনার লক্ষ্যে কমিটি গঠন করবে।<br><br>০২। ভ্যান এর মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রতি চিফ ইঞ্জিনিয়ার, এনওসিএস জোনে দুটি করে ভ্যান গাড়ি নির্ধারণ করবেন এবং প্রতি নির্বাহী প্রকৌশলী, এনওসিএস দপ্তর ০৬ (ছয়) দিন অন্তর অন্তর by rotation সকাল হতে সন্ধা ভ্যান-সেবা কার্যক্রম পরিচালনা করবে।<br><br>০৩। ভ্যান এর মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম এর সময় কাল হবে ১৭ জানুয়ারি ২০২১- ১৭ মার্চ ২০২১। |
| ০২ | মুজিব বর্ষ উপলক্ষ্যে ০১ ঘন্টা অতিরিক্ত দপ্তর সময়/কার্যসময় | সভায় বলা হয়, সংশ্লিষ্ট বিষয়ে গত ২৪.০২.২০২০খ্রি. তারিখে ১ম সার্কুলার জারি করা হয় এবং ২৩.১২.২০২০খ্রি. তারিখে পুনঃ সার্কুলার জারি করা হয়। সভায় জানানো হয় এ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। | মুজিব বর্ষে ০১ ঘন্টা অতিরিক্ত দাপ্তরিক কার্যসময় চলমান থাকবে। সকল দপ্তর প্রধান এ বিষয় নিশ্চিত করবেন। |
| ০৩ | প্রধান কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মরণার্থে একটি বঙ্গবন্ধু কর্ণার স্থাপন। | সভায় বলা হয়, গত ২৩.০২.২০২০খ্রি. তারিখে ডিপিডিসির প্রধান কার্যালয় ভবনে মুজিব কর্ণার স্থাপন এবং উদ্বোধন করা হয়েছে। এ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন। | কার্যক্রম গৃহীত |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | ডিপিডিসি কর্তৃক আইসিডিডিআরবির সহযোগীতায় আয়োজিত হেপাটাইটিস বি ভাইরাস স্ক্রিনিং ও ভ্যাক্সিনেশন প্রোগ্রাম এর আয়োজন। | সভায় জানানো হয়, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে হেপাটাইটিস বি ভাইরাস এর ৩য় ডোজটি আইসিডিডিআরবি'র পরামর্শ অনুযায়ী আপাতত স্থগিত রয়েছে। পরিস্থিতি স্বাভাবিক হলে এবং আইসিডিডিআরবি'র পরামর্শ অনুযায়ী পরবর্তীতে ৩য় ডোজ প্রদানের বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হবে। | বাস্তবায়নঃ চিফ মেডিক্যাল অফিসার তত্ত্বাবধান: জেনারেল ম্যানেজার (এইচ.আর) |
| ০৫ | ডিপিডিসি কর্তৃক সন্ধানী ঢাকা মেডিক্যাল কলেজ শাখার সহযোগীতায় ব্লাড ডোনেশন প্রোগ্রামের আয়োজন | সভায় উল্লেখ করা হয়, করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির কারণে গত ২৩.০৩.২০২০খ্রি. তারিখে মুজিব বর্ষ উপলক্ষ্যে গৃহীত ব্লাড ডোনেশন প্রোগ্রামটি স্থগিত করা হয়েছে। পরবর্তীতে পরিস্থিতি স্বাভাবিক হলে সংশ্লিষ্ট প্রোগ্রামটি আয়োজন করা হবে মর্মে সভায় জানানো ও হয় । | বাস্তবায়নঃ চিফ মেডিক্যাল অফিসার তত্ত্বাবধান: জেনারেল ম্যানেজার (এইচ.আর) |
| ০৬ | মুজিব বর্ষ উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতার পুরস্কার প্রদান অনুষ্ঠান<br><br>(সাংস্কৃতিক অনুষ্ঠান, কুইজ প্রতিযোগিতা ও খেলাধুলা) | সভায় জানানো হয়, মুজিব বর্ষ উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে এবং পুরস্কার প্রদান কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। | কার্যক্রম গৃহীত |
| ০৭ | প্রতিটি এনওসিএস এ একটি করে ফিডার নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় নিয়ে আসা চিহ্নিত করত: | প্রত্যেক এনওসিএস এর একটি করে ফিডারকে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় নিয়ে আসা হয়েছে মর্মে সভায় মাঠ পর্যায়ের প্রাপ্ত তালিকা/তথ্য হতে জানানো হয়। সভায় বলা হয়, নির্বাচিত ফিডারসমূহকে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় রাখা এবং সংশ্লিষ্ট উদ্যোগটি ফলপ্রসূ করার লক্ষ্যে মাঠ পর্যায়ের দপ্তরসমূহ প্রয়োজনীয় এবং কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবেন এবং তার বাস্তবায়ন করবেন। উপরন্তু নিববিচ্ছিন্ন কার্যক্রমের আওতায় আনলেই দায়িত্ব শেষ নয়, এ কার্যক্রম যথাযথ বহাল রাখার বিষয়ে দৃষ্টি দিতে হবে মর্মে সভায় উল্লেখ করা হয়। | বাস্তবায়ন: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল)<br><br>তত্ত্বাবধান: নির্বাহী পরিচালক (অপারেশন্স) |

| | | | |
|---|---|---|---|
| ০৮ | গ্রীন রোড ডরমিটরি সাব-স্টেশনকে নিরবিচ্ছন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় নিয়ে আসা | সভায় জানানো হয়, গ্রীন রোড ডরমিটরি সাব-স্টেশনকে নিরবিচ্ছন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় নিয়ে আসার কার্যক্রম চলমান। এ লক্ষ্যে জিগাতলা সাবস্টেশন থেকে বিকল্প বিদ্যুৎ সরবরাহ লাইন স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।<br>সভায় আরো বলা হয়, গ্রীন রোড ডরমিটরি সাব-স্টেশন টি কেপিআই স্থাপনা হওয়ায় স্থাপনাটির অভ্যন্তরে অবস্থিত ভেন্ডিং স্টেশনটি অন্যত্র স্থাপন করা অথবা এমনভাবে প্রতিস্থাপন করা প্রয়োজন যেন গ্রাহকগণকে ভেন্ডিং সম্পন্ন করার জন্য সাব-স্টেশনের ভিতর প্রবেশ করতে না হয় । সংশ্লিষ্ট বিষয়ে সত্বর কার্যক্রম গ্রহণ করার জন্য চিফ ইঞ্জিনিয়ার, গ্রীড এবং সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, সিভিল গ্রীন রোড ডরমিটরি সাব-স্টেশন পরিদর্শন করে যে মতামত দিয়েছেন সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সিদ্ধান্ত: এ বিষয়ে সত্বর কার্যক্রম সম্পন্ন করার জন্য পরামর্শ প্রদান করা হলো।<br><br>বাস্তবায়ন: চিফ ইঞ্জিনিয়ার, গ্রীড ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী সিভিল<br><br>তত্ত্বাবধান: নির্বাহী পরিচালক (অপারেশন্স) ও চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ) |
| ০৯ | সি এস আর এর আওতায় সরকারী প্রাইমারী স্কুল এবং অটিস্টিক বাচ্চাদের স্কুলে সোলার প্যানেল প্রদান | সভায় জানানো হয়, সোলার প্যানেল স্থাপনের লক্ষ্যে দক্ষিণ মুগদাপাড়া প্রাথমিক বিদ্যালয় এর সাথে আলোচনা চলমান। প্রাথমিক পর্যায়ে সম্মতি পাওয়া গেলেও পরবর্তীতে স্কুল কর্তৃপক্ষের কিছুটা অনীহা পরিলক্ষিত হয়। অপরদিকে বঙ্গভবন প্রাথমিক বিদ্যালয় হতে সম্মতি এবং ক্লিয়ারেন্স পাওয়ার লক্ষ্যে সামরিক সচিব বরাবর পত্র প্রেরণ করা হয়েছে যার কোন ফিডব্যাক এখন পর্যন্ত পাওয়া যায়নি। সভায় আরো জানানো হয়, অন্যান্য স্কুলগুলোতে physically যোগাযোগ করা হচ্ছে। কিন্তু কভিড-১৯ পরিস্থিতির কারণে স্কুল বন্ধ থাকায় অনেকক্ষেত্রে স্কুল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা সম্ভব হচ্ছে না। | সিদ্ধান্ত: বঙ্গভবন প্রাথমিক বিদ্যালয় এ সোলার স্থাপন সংক্রান্ত যোগাযোগের ফিডব্যাক এর জন্য অপেক্ষা করা হবে। তবে এ বিষয়ে ফলোআপ করতে হবে।<br><br>বাস্তবায়ন: এ.এইচ.এম মহিউদ্দিন, চিফ ইঞ্জিনিয়ার, প্ল্যানিং এন্ড ডিজাইন [অতিরিক্ত দায়িত্ব] |
| ১০ | মুজিব বর্ষ উপলক্ষ্যে আলোচনা সভা- “বঙ্গবন্ধু ও নারীর ক্ষমতায়ন” | সভায় জানানো হয় গত ০৮.০৩.২০২০খ্রি. তারিখে “বঙ্গবন্ধু ও নারীর ক্ষমতায়ন” এর উপর আলোচনা সভার আয়োজন করা হয়েছে। | কার্যক্রম গৃহীত হয়েছে |

| | | | |
|---|---|---|---|
| ১১ | বিদ্যুৎ সাশ্রয় ও বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ ইত্যাদি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ডিপিডিসি'র আওতাধীন স্কুল/কলেজ গুলোতে সচেতনতামুলক বিভিন্ন প্রোগ্রাম আয়োজন করা | সংশ্লিষ্ট বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অসুস্থ এবং হাসপাতালে চিকিৎসাধীন থাকায় পরবর্তী সভায় সংশ্লিষ্ট বিষয়ে বাস্তবায়ন প্রতিবেদন দাখিলের জন্য পরামর্শ প্রদান করা হয়। | ডিজিএম (এইচ.আর) পাবলিক রিলেশন্স |
| ১২ | ডিপিডিসি'র আওতাধীন এলাকাকে দূর্ঘটনা মুক্ত এলাকা (Accident Free Zone) হিসেবে গড়ে তুলার লক্ষ্যে special awareness program আয়োজন | গত ২২.১০.২০২০খ্রি. তারিখে অনুষ্ঠিত মুজিব বর্ষের সভার সিদ্ধান্ত অনুযায়ী স্ক্যাডা ভবনে একটি ডেমোনস্ট্রেশন লাইন তৈরি করে সংশ্লিষ্ট সকলকে বৈদ্যুতিক দূর্ঘটনা রোধকল্পে করণীয় সম্পর্কে প্র্যাকটিকাল প্রদর্শনী আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। এ পরিপ্রেক্ষিতে সভায় বলা হয়, যেহেতু গ্রীড এবং এনওসিএস দপ্তরসমূহে দূর্ঘটনা ঘটার প্রবণতা বেশি তাই চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) এবং চীফ ইঞ্জিনিয়ার (গ্রীড) একত্রে আলোচনা করে প্রত্যেক চীফ-এর দপ্তরে প্রদর্শণীতে কি কি বিষয় অন্তর্ভূক্ত করা হবে সে বিষয়ে করণীয় ঠিক করবে এবং সংশ্লিষ্ট চিফ ইঞ্জিনিয়ারগণ তাদের অধস্তন অফিসসমূহ নিয়ে পৃথকভাবে ডেমোনস্ট্রেশন এর আয়োজন করবে যেখানে কমপক্ষে এক্সিকিউটিভ ডিরেক্টরদেরকে আমন্ত্রণ জানানো হবে বলে সভায় পরামর্শ প্রদান করা হয়। | ১। কর্মক্ষেত্রে দূর্ঘটনা রোধকল্পে এবং নিরাপত্তামুলক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) এবং চীফ ইঞ্জিনিয়ার, গ্রীড পৃথকভাবে ডেমোনস্ট্রেশন এর আয়োজন করবে।<br><br>২। বিদ্যুতিক এবং নিরাপত্তা সম্পর্কিত বিভিন্ন কার্যক্রম সম্পাদনের সময় সেফটি গিয়ার পরে কার্যক্রম পরিচালনা করা এবং এর ব্যত্যয়-এ শাস্তিমুলক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জেনারেল ম্যানেজার (এইচ.আর) কর্তৃক দপ্তরাদেশ করা হবে। এর অনবৃত্তিক্রমে প্রত্যেক চীফ ইঞ্জিনিয়ার দপ্তরাদেশ জারী করবেন।<br><br>বাস্তবায়ন: ১। চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) এবং চীফ ইঞ্জিনিয়ার, গ্রীড<br><br>সমন্বয়: সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার, ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট<br><br>তত্ত্বাবধান: নির্বাহী পরিচালক (অপারেশন্স) |
| ১৩ | গ্রাহকদের বিদ্যুৎ বিলের নিচে সচেতনতামুলক বিভিন্ন স্লোগান/পরামর্শ এবং বিলের সাথে বিদ্যুৎ সাশ্রয়ী ও বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ বিষয়ক বিভিন্ন পরামর্শ সম্বলিত লিফলেট/ভাজ প্রদান | সভায় জানানো হয় বর্তমানে বিদ্যুৎ বিলের নিচে বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ এবং গ্রাহক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এতদসংক্রান্ত বিভিন্ন পরামর্শ/স্লোগান দেয়া হচ্ছে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। | কার্যক্রম চলমান |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | ডিপিডিসি’র আওতাধীন সকল দপ্তরে পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার বিষয়ে যাবতীয় কার্যক্রম গ্রহণ | সভায় বলা হয়, পরিস্কার পরিচ্ছন্নতা ও সৌন্দর্য বর্ধণ এর রিপোর্ট দাখিলের জন্য পত্র/নির্দেশনা প্রদান করা হয়েছে। দপ্তরসমূহ হতে এ সংক্রান্ত রিপোর্ট সংগ্রহ করা হচ্ছ মর্মে সভায় অবহিত করা হয়। পরিস্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত কার্যক্রম চলমান থাকবে বলে সভায় উল্লেখ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) এবং সকল দপ্তর প্রধান |
| ১৫ | বাসায় অবস্থানকারী মহিলা (Home Maker) দের মধ্যে বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে নিরাপত্তা, বিদ্যুৎ সাশ্রয় ইত্যাদি সংক্রান্ত সচেতনতা বাড়ানোর জন্য special awareness program এর আয়োজন করা | সভায় জানানো হয়, নির্বাহী প্রকৌশলী, এনওসিএস পরিবাগ-এর সাথে সংশ্লিষ্ট বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস আজিমপুর সার্কেল অফিস এ একটি প্রোগ্রাম আয়োজনের বিষয়ে আলোচনা হয়েছে। সভায় আরো facebook live এ অনুষ্ঠান করার প্রস্তাব করা হয়। | সিদ্ধান্ত: আগামী ১৫ কার্যদিবসে সংশ্লিষ্ট বিষয়ে উল্লিখিত অনুষ্ঠান আয়োজন করাসহ একটি facebook live program আয়োজন করার প্রস্তাবনা বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হলো।<br><br>বাস্তবায়ন: ডিজিএম (এইচ.আর) এমপ্লয়ি রিলেশন্স এন্ড ডিসিপ্লিন |
| ১৬ | গ্রাহক কর্তৃক টেলিফোন, লিখিত, ই-ইমেল, ফেইসবুক ইত্যাদির মাধ্যমে প্রদত্ত অভিযোগসমূহ যথাযথ দ্রুত নিষ্পন্ন করতে হবে। | সভায় জানানো হয়, সংশ্লিষ্ট বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। গ্রাহকদের কাছ প্রাপ্ত সকল অভিযোগ এর সমাধান/নিষ্পত্তি করা হচ্ছে। ফেসবুকের মাধ্যমে প্রাপ্ত এ সংক্রান্ত অভিযোগও নিষ্পন্ন করা হচ্ছে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান থাকবে বলে সভায় উল্লেখ করা হয়। | বাস্তবায়ন: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) এবং<br>জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং) |
| ১৭ | কল সেন্টারকে আরো কার্যকরীরূপে গড়ে তোলা। | সভায় জানানো হয়, ডিপিডিসি'র বিদ্যমান কল সেন্টার এর মাধ্যমে গ্রাহক অভিযোগসহ গ্রাহকের বিভিন্ন জিজ্ঞাসা এবং সমস্যার সমাধান করা হচ্ছে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। কল সেন্টার-কে কার্যকরি করতে প্রয়োজনীয় যোগ্য-দক্ষ জনবল অপরিহার্য। | বাস্তবায়ন: জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং) ও ডিজিএম (এইচ.আর), এমপ্লয়ি ম্যানেজমেন্ট (জনবল পদায়ন) |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | ডিপিডিসিকে একটি নিরাপদ ও পরিবেশ বান্ধব ইউটিলিটিতে রূপান্তর এবং একই সাথে ওভারহেড লাইনসমূহকে আন্ডারগ্রাউন্ড এ স্থাপনের পরিকল্পনার অংশ হিসেবে মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে ০১ (এক) টি Oil filled pole mounted distribution transformers কে Oil free dry (cast resin) type flame proof transformer দ্বারা পরিবর্তন করা | সভায় জানানো হয়, ডিপিডিসিতে এখন পর্যন্ত ৪টি mono pole ট্রান্সফর্মার স্থাপন করা হয়েছে।এর মধ্যে জিগাতলা-২টি, লালবাগ-১টি এবং সাভার এ ১টি। সভায় আলোচনা হয়, Mono pole ট্রান্সফর্মার স্থাপন পরবর্তী সংশ্লিষ্ট পোল এর ভার রক্ষা করা একটি জরুরী বিষয়। সুতরাং Mono Pole ট্রান্সফর্মার স্থাপনের ক্ষেত্রে যথাযথ ভারসাম্য এবং নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণের বিষয়ে সংশ্লিষ্ট কমিটিকে সভায় পরামর্শ প্রদান করা হয়।<br>সভায় আরো জানানো হয়, মুজিব বর্ষে গৃহীত Oil free dry (cast-resin) transformer স্থাপনের লক্ষ্যে আগামী ১৪.০১.২০২১খ্রি তারিখে Energypack এ সংশ্লিষ্ট ট্রান্সফর্মারটি মূল্যায়নের উদ্দেশ্য পরিদর্শন করা হবে। | **সিদ্ধান্ত:**<br>১। মনো-পোল মাউন্টেড ট্রান্সফর্মারসমূহের ভারসাম্য রক্ষা ও নিরাপত্তার বিষয়টি গ্রীড এর চীফ ইঞ্জিনিয়ার; তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিভিল; তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্ল্যানিং এবং নির্বাহী প্রকৌশলী স্টোর এর সমন্বয়ে কমিটি পর্যালোচনা করত: প্রতিবেদন দাখিল করবেন।<br><br>২। আগামী ১৫ কর্মদিবসের মধ্যে cast resin ট্রান্সফর্মার পরিদর্শন ও স্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট কমিটি যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>বাস্তবায়ন: এক্সিকিউটিভ ডিরেক্টর (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট) এবং সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট |
| ১৯ | মুজিব বর্ষ (২০২০) কে সামনে রেখে ট্রেইলার মাউন্টেড/ মোবাইল/ মূভেবল ৩৩/১১ কেভি সাব-স্টেশন সংগ্রহ করা | সভায় জানানো হয়, সংশ্লিষ্ট বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে।ট্রেইলার মাউন্টেড/ মোবাইল/ মূভেবল ৩৩/১১ কেভি সাব-স্টেশন সংগ্রহের লক্ষ্যে আর্থিক মূল্যায়ন কার্যক্রম পর্যায়ে রয়েছে। সভায় সংশ্লিষ্ট বিষয়ে দ্রুত পদক্ষেপ নিয়ে কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে তাগাদা প্রদান করা হয়। | বাস্তবায়ন: চিফ ইঞ্জিনিয়ার (প্ল্যানিং এন্ড ডিজাইন) এবং সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট |
| ২০ | ওয়েব সাইটে মুজিব বর্ষ উপলক্ষ্যে বিশেষ প্রচার ব্যবস্থা | সভায় জানানো হয়, মুজিব বর্ষের কার্যক্রম প্রচার-প্রচারণার জন্য ডিপিডিসি'র ওয়েবসাইটে মুজিব কর্ণার স্থাপন করা হয়েছে। মুজিব বর্ষে গৃহীত কার্যক্রমসমূহ ওয়েবসাইটের সংশ্লিষ্ট স্থানে হালনাগাদ করা হচ্ছে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে বলে সভায় উল্লেখ করা হয়। | বাস্তবায়ন: জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং) |

| | | | |
|---|---|---|---|
| ২১ | দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স, দুর্নীতি রোধ এবং শুদ্ধাচার চর্চাকে উৎসাহিত করার লক্ষ্যে দুর্নীতি বিরোধী এবং শুদ্ধাচার চর্চার উপর বিভিন্ন পোস্টার, লিফলেট ব্যানার ইত্যাদি তৈরি করে প্রচারণা | সভায় জানানো হয়, পূর্বে প্রদত্ত শুদ্ধাচারের ব্যানার প্রদর্শিত অবস্থায় রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। নতুন করে শুদ্ধাচার সম্বলিত ব্যানার প্রস্তুত করা হয়েছে এবং মাঠ পর্যায়ের দপ্তরসমূহে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।প্রচার কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। | বাস্তবায়ন: জেনারেল ম্যানেজার (এইচ.আর) |
| ২২ | ক)মুজিব বর্ষ উপলক্ষ্যে বাংলাদেশ বিদ্যুৎ সেক্টরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পরিকল্পনা ও অবদান ইত্যাদি নিয়ে একটি বিশেষ পাবলিকেশন্স প্রস্তুত করা;<br><br>খ) মুজিব বর্ষকে সামনে রেখে ডিপিডিসি'র ১২ বছর পুর্তি উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিদ্যুৎ সেক্টরে অবদান এবং ভবিষ্যৎ পরিকল্পনা সেইসাথে ডিপিডিসি'র ১২ বছরের অর্জন / কার্যক্রম ইত্যাদি নিয়ে একটি বিশেষ প্রচারণা কার্যক্রম তৈরি করা। | সভায় অবহিত করা হয় মুজিব বর্ষ উপলক্ষ্যে বিশেষ পাবলিকেশন্স প্রকাশের লক্ষ্যে ডিপিডিসি'র বিভিন্ন কর্মকর্তা নিকট হতে লিখা আহ্বান করা হয়েছে। সভায় সংশ্লিষ্ট লেখাগুলো দ্রুত সংগ্রহপূর্বক এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কমিটিকে পরামর্শ প্রদান করেন। | বাস্তবায়ন: সংশ্লিষ্ট দু'টি কমিটি।<br><br>ক) ১২.০৮.২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত মুজিব বর্ষের ৩য় সভার আলোচ্যসূচী ক্রমিক নম্বর ২১ এর মাধ্যমে গঠিত কমিটি।<br><br>খ) সূত্র নম্বর: ২৭.৮৭.০০০০.৪০৩.২৩.০০১.২০.৪৬ তারিখ: ১৯.০৬.২০২০খ্রি. এর মাধ্যমে গঠিত কমিটি |
| ২৩ | মুজিব বর্ষ উপলক্ষ্যে গ্রাহক সমাবেশ এর আয়োজন | সভায় জানানো হয়, শুদ্ধাচার/এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী গণশুনানী আয়জিত হচ্ছে। ২য় কোয়ার্টার পর্যন্ত মোট ৩৬ টি গনশুনানী আয়োজনের লক্ষ্যমাত্রার বিপরীতে মোট ১৮ টি গনশুনানী আয়োজন করা হয়েছে। সভায় আগামী ১৭ মার্চ ২০২১খ্রি. তারিখের মধ্যে বাকি ১৮ টি গণশুনানী আয়োজনের বিষয়ে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানানো হয়। | সিদ্ধান্ত: আগামী ১৭ মার্চ ২০২১খ্রি. তারিখের মধ্যে এনওসিএস দপ্তরসমূহ বাকি ১৮ টি গণশুনানী আয়োজন করবে।<br><br>বাস্তবায়ন: নির্বাহী প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল)<br><br>তত্ত্বাবধান: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) |
| ২৪ | বস্তি এলাকায় অস্থায়ী মেডিক্যাল ক্যাম্প/সুবিধা ও প্রিপেইড মিটার এর মাধ্যমে বিদ্যুৎ সংযোগ প্রদান | সভায় জানানো হয় করোনা ভাইরাস পরিস্থিতির কারণ সংশ্লিষ্ট বিষয়ে কার্যক্রম স্থগিত রয়েছে। | বাস্তবায়ন: নির্বাহী পরিচালক (অপারেশন্স) |

| | | | |
|---|---|---|---|
| ২৫ | ইনোভেশন কমিটি কর্তৃক দাখিলকৃত ইনোভেশন বিষয়ক আইডিয়া যাচাই বাছাই পূর্বক বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান ও কার্যক্রম গ্রহণ | সভায় বলা হয়, ইনোভেশন কার্যক্রম এর আওতায় গৃহীত SAIDI, SAIFI অটোমেশন এর কার্যক্রম চলমান রয়েছে। ১৫২ টি ফিডারকে অটোমেশন এর আওতায় নিয়ে আসার পরিকল্পনার বিপরীতে এখন পর্যন্ত জনাব মোহাম্মদ আজম খান, নির্বাহী প্রকৌশলী কর্তৃক মগবাজারে ২০টি অটোমেশনের আওতায় আনা হয়েছে। জনাব শফিকুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী কর্তৃক ১৩২ টি ফিডার অটোমেশন এর কার্যক্রম চলমান। এ লক্ষ্যে তিনি বাজেটের চাহিদা প্রদান করেছেন। সে বিষয়ে সিদ্ধান্ত হলে কার্যক্রম নিষ্পন্ন করা হবে। | বাস্তবায়ন: নির্বাহী প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল)<br><br>সমন্বয়: জেনারেল ম্যানেজার (আইসিটি) |
| ২৬ | বিলিং ব্যবস্থাপনার উৎকর্ষতা সাধন | নির্ধারিত সময়ের মধ্যে (মাসের ১৩ তারিখ) গ্রাহকের নিকট বিল পৌছে দেয়া হচ্ছে। গত চার মাসে বিদ্যুৎ বিলের বিষয়ে কোন অভিযোগ পাওয়া যায়নি মর্মে সভায় জানানো হয়। বিলিং ব্যবস্থাপনার উৎকর্ষতার লক্ষ্যে প্রয়োজনীয় তদারকি এবং কার্যকরি ব্যবস্থা গ্রহণ এর জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানানো হয়। | বাস্তবায়ন: নির্বাহী প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল)<br><br>তত্ত্বাবধান: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) এবং জিএম (আইসিটি,এনার্জি এন্ড মিটারিং) |

| | | | |
|---|---|---|---|
| ২৭ | সরকারি প্রকল্প-গৃহহীনদের জন্য আশ্রায়ণ | মুজিব বর্ষকে সামনে রেখে গৃহহীনদের আশ্রায়ণের সরকারি প্রকল্পে ডিপিডিসি কর্তৃক ১৬ টি গৃহ নির্মানের অর্থ দান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। এ পরিপ্রেক্ষিতে ডিপিডিসি'র সকল এমপ্লয়ীকে এহেন মহৎ উদ্যোগে স্বপ্রনোদিত হয়ে নির্ধারিত পরিমান চাঁদা/অনুদান দেয়ার জন্য জানানো হয়েছিল। সভায় জানানো হয়, ডিপিডিসি'র এমপ্লয়ীদের হতে সংগৃহীত ২০ লক্ষ টাকা (প্রায়) গৃহহীনদের গৃহ নির্মানের লক্ষ্যে কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করা হয়। সভায় আলোচনা হয়, ডিপিডিসি কর্তৃক গৃহহীনদের জন্য ১৬ টি বাড়ি নির্মানের জন্য সংগৃহীত টাকা/অনুদান যথেষ্ট নয়। সভায় অবহিত করা হয় এখনও অনেক এমপ্লয়ী স্বপ্রনোদিত হয়ে নির্ধারিত পরিমান চাঁদা/অনুদান প্রদান করেননি। যে সকল এমপ্লয়ী এখনও নির্ধারিত পরিমান চাঁদা/অনুদান প্রদান করেননি তাদের অনতিবিলম্বে স্বপ্রনোদিত হয়ে অসহায় গরীব মানুষের পাশে দাঁড়ানোর লক্ষ্যে এবং মুজিব বর্ষে গৃহহীনদের গৃহ প্রদান কার্যক্রম সফল করার লক্ষ্যে নির্ধারিত পরিমান চাঁদা/অনুদান প্রদান করার জন্য সভায় আহবান জানানো হয়। | সিদ্ধান্ত: যেসকল এমপ্লয়ী এখনও স্বপ্রনোদিত হয়ে নির্ধারিত চাঁদা/অনুদান প্রদান করেননি, অনতিবিলম্বে নির্ধারিত চাঁদা/অনুদান প্রদান করে এহেন মহৎ কাজে অংশগ্রহণ করবেন। |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

বিকাশ দেওয়ান
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৭.৮৭.০০০০.৪০৩.০৫.০০১.১৯.৬

তারিখ: ৫ মাঘ ১৪২৭
১৯ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :


১) এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিনিসট্রেইশন এন্ড এইচ.আর/ ইঞ্জিনিয়ারিং/ অপারেশনস/ ফিন্যান্স/আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি।

২) সকল চীফ ইঞ্জিনিয়ার /সকল জেনারেল ম্যানেজার / কোম্পানি সচিব, ডিপিডিসি।

৩) সিও টু ম্যানেজিং ডিরেক্টর/সকল সুপারিনটেন্ডেং ইঞ্জিনিয়ার/সকল পিডি/ সকল ডিজিএম/ সিএমও, ডিপিডিসি।

৪) সকল নির্বাহী প্রকৌশলী, এনওসিএস, ডিপিডিসি।

৫) অফিস কপি/ মাস্টার ফাইল।



মোহাম্মদ হাসনাত চৌধুরী

জেনারেল ম্যানেজার (এইচ আর)